



বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক পরিচালিত

বি এ এফ শাহীন কলেজ পাহাড়কাঞ্চনপুর, সখিপুর, টাঙ্গাইল।

www.bafspkp.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বি এ এফ শাহীন কলেজ পাহাড়কাঞ্চনপুর-এ কলেজ ও স্কুল শাখায় বাংলা মাধ্যমের জন্য নিম্নবর্ণিত পদে শিক্ষক নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বেতন স্কেল |
|---------|---------------------------------|-----------|--|---|
| ১ | প্রভাষক (প্রাণিবিদ্যা) | ০১টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমান ডিগ্রী। প্রার্থীকে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ২২০০০-৫৩০৬০/- |
| ২ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ০২টি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয় সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী/সমমান। প্রার্থীকে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | বিএড প্রশিক্ষণ প্রাপ্ত ১৬০০০-৩৮৬৪০/- বি এড প্রশিক্ষণ বিহীন ১২৫০০-৩০২৩০/- |

* অন্যান্য সুবিধাঃ প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, বৈশাখী ভাতা, চাকুরী স্থায়ীকরণ সাপেক্ষে ১০% কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি এবং প্রতিষ্ঠান কর্তৃক আবাসন (শর্ত সাপেক্ষে) সুবিধা প্রদান করা হবে।

* আবেদনের নিয়মাবলিঃ আগ্রহী প্রার্থীদের সভাপতি, পরিচালনা পর্ষদ বরাবর আবেদনপত্র মোবাইল নম্বরসহ পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, শিক্ষক নিবন্ধন সনদ, নাগরিকত্বের সনদ এবং ডাচ বাংলা ব্যাংক মির্জাপুর শাখা বরাবর 'বিএএফ শাহীন কলেজ পাহাড়কাঞ্চনপুর' এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) আগামী ১৪/০৫/২০১৯ তারিখের মধ্যে ডাক/কুরিয়ার বা সরাসরি কলেজ অফিস চলাকালিন (০৮০০-১৪০০ ঘটিকা) পৌছাতে হবে।

* বয়স সর্বোচ্চ ৩৫ বছর, চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

* শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।

* অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

* ২৪/০৫/২০১৯ ইং তারিখ রোজ শুক্রবার সকাল ১০ ঘটিকায় কলেজ ক্যাম্পাসে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার জন্য কোন প্রবেশ পত্র প্রেরণ করা হবে না। লিখিত পরীক্ষার জন্য শুধু নির্বাচিত প্রার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা ২২/০৫/২০১৯ তারিখ ১৫০০ ঘটিকায় কলেজের ওয়েব সাইটে www.bafspkp.edu.bd প্রকাশ করা হবে।

* লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

* ব্যক্তিগত যোগাযোগ ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচনা করা হবে। বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন ও বাতিল করার ক্ষমতা কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সভাপতি, পরিচালনা পর্ষদ